

# ৪৩ হাজার জিপিএ ৫ কমেছে

অনলাইন ডেক্স



ফাইল ছবি/কালের কঠ

এবারে এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-

৫ দুটি কমেছে। এবার পাসের হার ৬৮ দশমিক ৪৫ এবং জিপিএ

ফাইভ ১ লাখ ৩৯ হাজার ৩২। গত বছর এসএসসি ও সমমান

পরীক্ষায় পাশের হার ছিল ৮৩ দশমিক শূন্য ৩ শতাংশ। আর

জিপিএ ফাইভ পেয়েছিল এক লাখ ৮২ হাজার ১২৯ জন।

বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা

বোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট,

দিনাজপুর, ময়মনসিংহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একযোগে ফল প্রকাশ করেছে।

কোনো আনুষ্ঠানিকতা ছাড়াই এবার এসএসসি পরীক্ষার ফল

প্রকাশ করা হয়েছে। সার্বিক বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক

শিক্ষা বোর্ড, ঢাকার সভাকক্ষে মতবিনিময় সভায় কথা বলেন

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির বাংলাদেশ

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির।

তিনি জানান, এবার গড় পাসের হার দাঁড়িয়েছে ৬৮.৪৫ শতাংশ।

আর মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৩৯ হাজার ৩২ জন

শিক্ষার্থী।

চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছিল গত ১০

এপ্রিল। পরীক্ষা শেষ হয় ১৩ মে। এ পরীক্ষায় অংশ নিতে ফরম

পূরণ করেছিলেন ১৯ লাখ ২৮ হাজার ৯৭০ জন।

তাদের মধ্যে ছাত্রী ৯ লাখ ৬৭ হাজার ৭৩৯ জন এবং ছাত্র ৯ লাখ

৬১ হাজার ২৩১ জন।